



স্মারক নং- ১৪৭/আঃঅনুঃ

তারিখঃ ১১/১২/২০১৭

## শূন্য আসনে ভর্তি বিজ্ঞপ্তি-১

আসন শূন্য থাকায় বি-ইউনিট (আইন অনুষদ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ এলএলবি (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের বি-১ ও বি-২ উভয় রোল নম্বরধারী পরীক্ষার্থীদের ১ম অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুযায়ী ভর্তির জন্য তালিকা প্রকাশ করা হলো। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত অনলাইনে ভর্তির পদ্ধতি অনুযায়ী প্রকাশিত বি-১ অপেক্ষমান তালিকার মেধাক্রম ৮১ হতে ১০০ এবং বি-২ অপেক্ষমান তালিকার মেধাক্রম ৮১ হতে ৯৭ পর্যন্ত পরীক্ষার্থীদের ১২/১২/২০১৭ তারিখ থেকে ১৮/১২/২০১৭ তারিখ পর্যন্ত বি-১ ও বি-২ উভয় গ্রুপ হতে ভর্তি করা হবে। উল্লেখ্য যে, আসন শূন্য থাকা সাপেক্ষে বি-১ মেধাক্রম ১০১ এবং বি-২ মেধাক্রম ৯৮, ৯৯ ও ১০০ প্রার্থীদের ১৯/১২/২০১৭ ও ২০/১২/২০১৭ তারিখে ভর্তি করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে ২১/১২/২০১৭ তারিখের পরে ২য় অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুযায়ী ভর্তির জন্য তালিকা প্রকাশ করা হতে পারে।


উল্লেখ্য, বিভাগদ্বয়ে ভর্তিকৃত পরীক্ষার্থীরা মাইগ্রেশন-এর আওতায় তাদের প্রদত্ত বিষয় পছন্দক্রম (যা পরীক্ষার্থী কর্তৃক ইতোমধ্যে অনলাইনে পূরণকৃত) অনুযায়ী ক্রমান্বয়ে সামনের দিকে অগ্রসর হওয়ার সুযোগ পাবে।

অনলাইনে পূরণকৃত প্রিন্টেড ভর্তি ফরমে স্বাক্ষর করে আইন অনুষদ দপ্তরে জমা দেয়ার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে A4 সাইজের একটি খামের উপরে পরীক্ষার্থীর নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, বিভাগের নাম, ক্লাস রোল নম্বর/স্টুডেন্ট আই.ডি. নম্বর এবং মোবাইল নম্বর লিখে নিম্নোক্ত কাগজপত্রসহ (পরীক্ষার্থী নিজে উপস্থিত থেকে) জমা দিতে হবেঃ

- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট করা দুই কপি (পরীক্ষার্থীর স্বাক্ষরসহ A4 সাইজ অফসেট কাগজে);
- এস.এস.সি/সমমান পরীক্ষার মূল স্যাটিফিকেট ও মূল মার্কসীট;
- এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কসীট;
- এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড;
- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত Candidate Copy);

পরীক্ষার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলীতে কোনরূপ অসংগতি পরিলক্ষিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

  
(আবু নাসের মো. ওয়াহিদ)  
চীফ কো-অর্ডিনেটর  
১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা-২০১৭-১৮  
বি-ইউনিট (আইন অনুষদ)  
ও  
ডীন  
আইন অনুষদ  
রাজশাহী বিশ্ববিদ্যালয়।